গাংনী হাসপাতালে দালাল ঠেকাতে কর্তৃপক্ষের তৎপরতা

মেহেরপুর গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সাম্প্রতিক সময়ে দালালদের তৎপরতা ও রোগীর টেস্ট করানো নিয়ে কঠোর অবস্থানের সিদ্ধান্ত নিতে যাচ্ছে স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষ। দালাল রুখতে নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং পুলিশ বিভাগে লিখিত আবেদন করা হয়েছে। অপরদিকে চিকিৎসক, স্যাকমো, এমআরদের জন্য নতুন নির্দেশনা দেয়া হয়েছে।

অভিযোগ রয়েছে, গাংনীর চিহ্নিত কয়েকটি ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিক তাদের দালাল নিয়োজিত রেখেছে স্বাস্থ্য কমপ্লেক্সে। তারা প্রতিনিয়ত রোগীদেরকে তাদের স্ব স্ব প্রতিষ্ঠানে নিয়ে টেস্ট করায়।

স্বাস্থ্য কমপ্লেক্সেও কর্মরত কয়েকজনের বিরুদ্ধে দালালদের সহায়তায় সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। ফলে দালালদের অপতৎপরতা ঠেকাতে কঠোর অবস্থান নিয়েছে কর্তৃপক্ষ। তাদেরকে গ্রেপ্তার ও ভ্রাম্যমাণ আদালতে সাজা নিশ্চিত করণের জন্য ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও গাংনী থানায় লিখিতভাবে জানিয়েছেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল আলম।

এদিকে গাংনী হাসপাতালে চিকিৎসক, স্যাকমো, ফার্মাসিস্ট ও এমআরদের বিষয়ে জারিকৃত নির্দেশনায় বলা হয়েছে, সরকারি সরবরাহ নেই এমন কোন ওষুধ চিকিৎসা ব্যবস্থাপত্রে লেখা যাবে না। অফিস চলাকালিন সময়ে হাসপাতালে হয় এমন কোন টেস্ট করানোর জন্য রোগিকে বাইরে পাঠানো যাবে না। বাইরে করাতে হলে তা অত্যন্ত প্রয়োজনীয় ও যৌক্তিকভাবে করা যাবে। টিকিট ছাড়া কোন ওষুধ হাসপাতাল ফার্মেসী থেকে নেওয়া যাবে না এবং কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে অবশ্যই টিকিট কাটতে হবে।

অপরদিকে ওষধ বিপণন কর্মকর্তাদের (এমআর) জন্য নির্দেশিকায় বলা হয়েছে, শুধুমাত্র বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে ২টা পর্যন্ত চিকিৎসকদের সাথে এমআরগন সাক্ষাত করতে পারবেন। এ সময়ের বাইরে তারা হাসপাতালে অবস্থান করতে পারবে না। এমআররা কোন প্রেসক্রিপশনের ছবি তুলতে পারবেন না।

কোন ওষুধ কোম্পানির প্রডাক্ট প্রমোশনের অনুষ্ঠান আয়োজন করতে চাইলে প্রতিষ্ঠান প্রধানের সঙ্গে আলোচনা ও অনুমতি নিতে হবে কিন্তু কোন অর্থ লেনদেন করতে পারবে না এবং বিষয়টি সিভিল সার্জনকে অবহিত করতে হবে।

এ বিষয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল আলম বলেন, নির্দেশনার বিষয়টি কঠোরভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ঠদের বলা হয়েছে।

অপরদিকে অন্যান্য যে বিষয়গুলো রয়েছে তাও কঠোরতার সাথে দেখা হচ্ছে। মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষের যা যা করণীয় সে বিষয়ে কোন প্রকার ছাড় দেওয়া হবে না বলেও উল্লেখ করেন তিনি।

ঝিনাইদহের সেই প্রতিবন্ধী মা ও তার সন্তানের আশ্রয়দাতাকে প্রধানমন্ত্রীর সহযোগিতা প্রদান

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার মানসিক প্রতিবন্ধী সেই মা ও তার সদ্যজাত কণ্যা শিশু সন্তানের আশ্রয় দাতাকে সহযোগিতা প্রদান করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গতকাল বুধবার সকালে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে প্রধানমন্ত্রীর দেওয়া নগদ ৫৫ হাজার টাকা ও একটি ব্যাটারী চালিত ভ্যান পৌঁছে দেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়াও তিনি সমাজ সেবা ও রোগীকল্যাণ সংস্থা থেকে ২০হাজার পেয়েছেন বলে জানা গেছে।

এসময় স্থানীয় সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার, কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু, উপজেলা নির্বাহী

কর্মকর্তা সুবর্ণা রানী সাহা, চিকিৎসক, সাংবাদিকসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত সপ্তাহে কালীগঞ্জের মায়াধরপুর গ্রামের রাস্তার পাশ থেকে অন্ত:স্বত্তা ও প্রতিবন্ধী নারীকে নিজ বাড়িতে আশ্রয় দেয় ওই গ্রামের দিনমজুর আমজাদ আলী। শুক্রবার কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিবন্ধী একটি ফুটফুটে কণ্যা সন্তানের জন্মদেন।

আশ্রয় দেওয়া ও সন্তান প্রসবের খবর সামাজিক যোগাযোগ মাধ্যমসহ গণমাধ্যমে প্রচার হলে তা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টিগোচর হয়।

এ বিষয়ে জেলা প্রশাসককে তার সার্বিক সহযোগিতার নির্দেশ প্রদাণ করা হয়। প্রধানমন্ত্রী উপহার পেয়ে খুশি দিনমজুর আমজাদ আলী। এদিকে মানসিক প্রতিবন্ধী ও তার কণ্যা সন্তানের শারিরীক অবস্থা এখন ভালো বলে জানিয়েছেন চিকিৎসক।

ঝিনাইদহে পুজামন্ডপে অনুদান বিতরণ ও আইনশৃঙ্খলা বিষয়ক সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে আসন্ন শারদীয় দূর্গপুজা উপলক্ষে পূজামন্ডপ সমূহে সরকারি অনুদান বিতরণ ও আইনশৃঙ্খলা বিষয়ক বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকালে সদর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা অডিটরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল,

মহিলা ভাইস চেয়ারম্যান আরতি রানী দত্ত, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন প্রমুখ।

আলোচনা সভা শেষে সদর উপজেলার ৯৩ টি পুজা মন্ডপের নেতৃবৃন্দের হাতে সরকারি অনুদান হিসেবে মন্ডপ প্রতি ৫ শত কেজি চাল প্রদান করা হয়।
এসময় আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আইনশৃঙ্খলা বজায় রাখা সহ করোনা পরিস্থিতি স্বাভাবিক রাখতে স্বাস্থ্যবিধি মেনে চলতে সকলের প্রতি আহবান জানানো হয়।

ঝিনাইদহে আবাসিক হোটেল থেকে যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

ঝিনাইদহে রেডিয়েশন নামে একটি আবাসিক হোটেল থেকে ইন্দ্রজিৎ দেবনাথ নামের এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

গত মঙ্গলবার রাতে তার মরদেহ উদ্ধার করা হয়। সে কুষ্টিয়ার মিরপুর উপজেলার বেলগাছি গ্রামের শুসেন দেবনাথের ছেলে।

আবাসিক হোটেলের ম্যানেজার শাহিনুর রহমান জানান, গত ২৭ সেপ্টেম্বর ইন্দ্রিজিৎ নামের এক যুবক ব্যবসায়ীক কারণে হোটেলে ছিট বুকিং নিয়ে থাকতে শুরু করে।

প্রতিদিনের ন্যায় গেল রাত ১০ টার দিকে তার কাছে ভাড়ার টাকা আনতে যায়। সেসময় তার রুমের দরজা ভিতর থেকে বন্ধ দেখে ডাকাডাকি করতে থাকে। অনেক সময় ধরে ভিতর থেকে কোন সাড়া শব্দ না পেয়ে পুলিশকে খবর দেয়। পরে পুলিশ এসে রাতেই দরজা ভেঙ্গে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদরে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার জানান, লাশ ময়নাতদন্তের জন্য বুধবার সকালে ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট আসলে জানা যাবে এটি হত্যা না আত্মহত্যা ।

[redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

শিক্ষার্থীদের মানববন্ধন

দেশের বিভিন্ন স্থানে লাগামহীম ধর্ষনের প্রতিবাদে ‘পাবলিক ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন অব আলমডাঙ্গা উপজেলা’ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে।

গতকাল বুধবার আলমডাঙ্গার আল তায়েবা মোড়ে বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থী ও সাধারন জনগণ মানববন্ধনে অংশ নেন। সমাবেশে প্রতিবাদি বক্তারা ধর্ষনে অভিযুক্ত ধর্ষকদের সর্বোচ্চ শাস্তির বিধান রেখে আইন প্রনয়নেরও আহবান জানান।

ধর্ষনের প্রতিবাদে ‘পাবলিক ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন অব আলমডাঙ্গা উপজেলা’ মানববন্ধনের আয়োজন করলেও এতে সব ধরনের শিক্ষক-শিক্ষার্থী ও সাধারন জনগণ অংশ নিয়ে প্রতিবাদ মুখর হয়ে ওঠেন। তারা ধর্ষনে জড়িত ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি প্রদানের ব্যবস্থা করতে সরকারের প্রতি আহবান জানান। প্রয়োজনে ধর্ষকদের শাস্তি যাবজ্জীবন থেকে বাড়িয়ে মৃত্যুদন্ডের বিধান রেখে আইন পাশ করারও আহবান জানান।

মানবন্ধনে অংশ নেন আলমডাঙ্গা উপজেলা ভাইস চেয়ারম্যান ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র এ্যাডভোকেট সালমুন আহমেদ ডন, বাদল স্মৃতি একাডেমীর প্রধান শিক্ষক সুরুল ইসলাম দীপু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নাঈম হাসান অয়ন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সজল আহমেদ টগর, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র নাহিদ তমাল রোমান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সাইফুল ইসলাম সাফি, সাস্টেও ছাত্র আকিব লাম, আসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সুমাইয়া তাবাস্সুম তিয়া, ব্রাইট মডেল স্কুলের পরিচালক জাকারিয়া হিরো, আনিসুজ্জামান রিমন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মুসাব ইবনে শাফায়াত।

স্বামীহারা নীলা বেগম আর কত বয়স হলে পাবে বয়স্ক ভাতা

আর কত বয়স হলে বয়স্ক ভাতা পাবে শৈলকুপার নিলা বেগম।

শৈলকুপা উপজেলার কাঁচেরকোল ইউনিয়নের খন্দকবাড়িয়া গ্রামের নিলা বেগম (৮০) আর কত বয়স হলে বয়স্ক ভাতার তালিকায় নাম উঠবে।

অসহায় নিলা বেগম বসবাস করেন একই গ্রামের অবসর প্রাপ্ত শিক্ষক আমানুল্লাহ ঘরের বারান্দায়। স্বামী যাবেদ মন্ডল স্বাধীনতা যুদ্ধের আগে মৃত্যু বরণ করেন।
দীর্ঘদিন অন্যের গৃহকর্মীর কাজ করে নিজের ভরণপোষণ যোগাতেন কিন্তু এখন বয়সের ভারে জরাজীর্ণ অবস্থায় । ৮০বছর বয়সি স্বামীহারা নীলার খবর কেউ আর এখন সেভাবে রাখেনা অন্যের বাড়িতে কাজ করে খাবে সে পরিস্থিতি এখন আর নেই তার।

অসহায় বৃদ্ধা অবস্থায় পড়ে আছে চিকিৎসারও প্রয়োজন তার চিকিৎসা করার মত টাকাও যে তার নাই। বয়সের ভারে চলাচল করতে তার কষ্ট হচ্ছে। প্রতিদিনের খাবার এখন আর প্রতিদিন জুটাতে পারছেনা স্বভাবতই অনেক দিনই তার না খেয়ে কাটছে।

মেহেরপুরে ধর্ষকদের গ্রেফতার ও বিচারের দাবিতে আলোক প্রজ্জ্বলন

নোয়াখালীর নারী নির্যাতনের ঘটনা সহ সকল ধর্ষণ নিপীড়নের ঘটনায় সম্পৃক্ত পৃষ্ঠপোষকদের দ্রুত গ্রেপ্তার বিচার এবং নারীর প্রতি সহিংসতা অবসানের দাবিতে মেহেরপুর জেলা শাখা ছাত্রলীগের আয়োজনে আলোক প্রজ্জ্বলন কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর সিটি ব্যাংকের সামনে জেলা

ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি কুদরত-ই-খুদা রুবেল এর নেতৃত্বে এই আলোক প্রজ্জ্বলন কর্মসূচি পালিত হয়।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, শহর ছাত্রলীগের সাবেক সভাপতি মাহফুজুর রহমান পলেন, কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারী ও সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু মোরশেদ সোভন সরকার সহ ছাত্রলীগ নেতা গোলাম রাজিব, মীরাজ, সাইদ, সান, সাব্বির রুদ্র, নাসিম, বাপ্পা, আকাশ প্রমুখ।

অপরদিকে, নোয়াখালী নারী নির্যাতনের ঘটনা সহ সকল ধর্ষণ নিপীড়নের ঘটনায় সম্পৃক্তও বিচার এবং নারীর প্রতি সহিংসতার স্থায়ী অবসানের দাবিতে মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে মোমবাতি প্রজ্বলন, বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের সামনে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের সভাপতিত্বে মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও মোমবাতি প্রজ্জ্বলন করা হয়।

এসময় বিক্ষোভ মিছিল টি মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের সমনে থেকে থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির মোড়ে গিয়ে শেষ হয়।

এসময় মানববন্ধনে বক্তব্য রাখেন, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলকারনাইন, সদর থানা ছাত্রলীগের সভাপতি বাইজিদ সহ অন্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন পিরোজপুর ছাত্রলীগের সাধারণ সম্পাদ প্রতিক, মহাজনপুর ছাত্রলীগের সভাপতি ইমন, তুষার, আরিফুল, তানমুন প্রমুখ।

মেহেরপুরে শিক্ষার্থীদের উদ্যোগে র্যাগিং ও ধর্ষণ

বিরুদ্ধে মানববন্ধন

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েট এর ছাত্র আবরার ফাহাদ এর প্রথম মৃত্যু বার্ষিকীতে, শিক্ষা প্রতিষ্ঠানে র্যাগিং ও সারাদেশের ধর্ষণ বিরোধী মানববন্ধন করেছে মেহেরপুরের সাধারণ ছাত্র জনতা।

বুধবার বিকেলে মেহেরপুর প্রেসক্লাবের সামনে মেহেরপুর জেলার সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে মানববন্ধনটি অনুষ্ঠিত হয়।

র্যাগিং ও ধর্ষণবিরোধী মানববন্ধনে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর বস্তু ও ধাতব কৌশল বিভাগের ২০১৮ ব্যাচের ছাত্র এস এম প্লাবন এর নেতৃত্বে বক্তব্য রাখেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েট এর যন্ত্রকৌশল বিভাগের শিক্ষার্থী মোঃ মোস্তফা সাকিব শাহরিয়ার, বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রাব্বিউল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের শিক্ষার্থী মোহাম্মদ আশিকুজ্জামান, আজকের ভালো কাজ সংগঠনের সাধারণ সম্পাদক আল ইমরান সোহাগ।

বক্তব্যে তারা, আবরার ফাহাদ হত্যা মামলার বিচার কার্য দ্রুততম সময়ে নিষ্পত্তি, দেশের সকল ধর্ষণ এর বিচার দ্রুত সময়ে নিশ্চিত, সমাজে ও আইনগত প্রক্রিয়ায় ধর্ষিতা নারীদের হেনস্ত, অপমান বন্ধ করা, দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠান থেকে র্যাগিং নামে নির্যাতন বন্ধ করতে, এ চারটি দাবি উত্থাপন করে মানববন্ধনে। এই সময় মেহেরপুরের সাধারণ ছাত্র ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ সেখানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আবরার ফাহাদ কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার গ্রামের বরকত উল্লাহ এর ছেলে। ২০১৯ সালের ৬ ই অক্টোবর দিবাগত রাতে বুয়েটের ২০১৭-১৮ ব্যাচের তড়িৎকৌশল বিভাগের শিক্ষার্থী আবরার ফাহাদ শেরেবাংলা হলের ছাত্রলীগ সদস্যদের র্যাগিং নির্যাতনের শিকার হয়ে ৭ ই অক্টোবর ভোরবেলায় মৃত্যুবরণ করেন।

ঝিনাইদহে ছাত্রলীগের উদ্যোগে আলোক প্রজ্জ্বলন

বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে নোয়াখালী নারী নির্যাতনের ঘটনাসহ সকল ধর্ষণ-নিপীড়নের ঘটনায় সম্পৃক্ত ও পৃষ্টপোষকদের দ্রুত গ্রেফতার, বিচার ও নারীর প্রতি সহিংসতার স্থায়ী অবসানের দাবিতে ঝিনাইদহ জেলা ছাত্রলীগের উদ্যোগে ঝিনাইদহ কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বরে আলোক প্রজ্জ্বলন অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার সন্ধ্যা ৭টায় এই কর্মসূচী পালিত হয়েছে। জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। কর্মসূচীতে আওয়ামী লীগ, ছাত্রলীগসহ বিভিন্ন অংগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, কোন ধর্ষণ বা নির্যাতনের সাথে ছাত্রলীগ জড়িত থাকতে পারেনা। দলের নাম ভাঙ্গিয়ে যারা এসব অপকর্ম করছে তাদের কে দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্ত মূলত শাস্তির দাবি জানান।